

কক্সবাজার নির্মাণাধীন বিমানবন্দর পরিদর্শনে প্রধান উপদেষ্টা

- A Monitor Desk Report

Date: 15 March, 2025



কক্সবাজার : প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস কক্সবাজার বিমানবন্দরের চলমান নির্মাণকাজ পরিদর্শন করেছেন।

বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) তত্ত্বাবধায়ক প্রকৌশলী আমিনুল হাসিব প্রধান উপদেষ্টাকে কক্সবাজার বিমানবন্দরের নির্মাণকাজের অগ্রগতি ও সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে অবহিত করেন।

শুক্রবার (১৪ মার্চ) কক্সবাজার বিমানবন্দরের নির্মাণকাজ পরিদর্শন করেন প্রধান উপদেষ্টা। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পক্ষ থেকে এ বিষয়ে একটি সারসংক্ষেপ প্রধান উপদেষ্টার কাছে উপস্থাপন করা হয়।

কর্তৃপক্ষ জানায়, আন্তর্জাতিক বিমানবন্দরের নির্মাণকাজ ৯৫ শতাংশ শেষ হয়েছে। অবশিষ্ট কাজ এ বছরের ডিসেম্বরের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

আন্তর্জাতিক বিমানবন্দরটি চালু হলে প্রতিদিন ৪০ থেকে ৫০টি এয়ারক্রাফট এই বিমানবন্দর থেকে ওঠানামা করবে বলে প্রধান উপদেষ্টাকে জানানো হয়। এ সময় সামরিক ও বেসামরিক সিনিয়র কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনুস এবং জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস রোহিঙ্গা শরণার্থীশিবির পরিদর্শনে কক্সবাজার পৌঁছান। অধ্যাপক ইউনুস ও গুতেরেসকে বহনকারী বিমানের চার্টার্ড ফ্লাইটটি দুপুর ১২টা ৪৮ মিনিটের দিকে কক্সবাজার বিমানবন্দরে অবতরণ করে।

সূচি অনুযায়ী, অধ্যাপক ইউনুস ও জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস উখিয়ায় রোহিঙ্গা শরণার্থীশিবিরে প্রায় এক লাখ রোহিঙ্গার সঙ্গে ইফতারে যোগ দেবেন। এ ছাড়া প্রধান উপদেষ্টা খুরুশকুল জলবায়ু উদ্বাস্তুকেন্দ্র পরিদর্শন করবেন।

